

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৯৩০

পর্ব-২৯: চারিত্রিক গুণাবলি ও মর্যাদাসমূহ (كتاب الْفَضَائل وَالشَّمَائل)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - মু'জিযার বর্ণনা

اَلْفصْلُ التَّنِفْ (بَابِ فِي المعجزا)

### আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: ﴿إِنَّكُمْ مَنْصُورُونَ وَمُصْيِبُونَ وَمَفْتُوحٌ لَكُمْ فَمَنْ أَدْرَكَ ذَلِكَ مِنْكُمْ فَلْيَتَّقِ اللَّهَ وَلْيَأْمُرْ بِالْمَعْرُوفِ وَلْيَنْهَ عَن الْمُنكر» . رَوَاهُ أَبُو دَاؤُد

صحیح ، رواه ابوداؤد (5118 مختصرًا جدًا ولم یذکر هذا اللفظ و سنده صحیح) [و ابوداؤد الطیالسی (337) و الترمذی (2257)] ـ

(صَحِيح)

#### বাংলা

ক্ষেত্ত-[৬৩] ইবনু মাস্'উদ (রাঃ) রাসূলুল্লাহ (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: তোমাদেরকে (আল্লাহর পক্ষ হতে) সাহায্য করা হবে। তোমরা (শত্রুদের) অনেক সম্পদ লাভ করবে এবং তোমাদের জন্য (বহু শহর ও দেশ) বিজিত হবে। অতএব তোমাদের যে কেউ সেই সময়টি পাবে, সে যেন আল্লাহকে ভয় করে চলে, লোকেদেরকে ভালো কাজের দিকে ডাকে এবং মন্দকাজ হতে নিষেধ করে। (আবু দাউদ)

## ফুটনোট

সহীহ: তিরমিয়ী ২২৫৭, সিলসিলাতুস্ সহীহাহু ১৩৮৩, মুসনাদে বাযার ২০১১, আবূ ইয়া'লা ৫৩০৪, সহীহ ইবনু হিব্বান ৪৮০৪, আস্ সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৯৮২৮, হিলইয়াতুল আওলিয়া ৭/১০২।

#### ব্যাখ্যা



ব্যাখ্যা: হাদীসটিতে এ ঘোষণার মাধ্যমে নবী (সা.) যেন ন্যায় ও ভারসাম্যপূর্ণ পথের দিকনির্দেশনা দিয়েছেন, যাতে করে কোন ব্যক্তি বিজয় ও সাফল্য অর্জনের ক্ষেত্রে, কর্তৃত্ব ও ক্ষমতা হস্তগত হওয়ার সময় ও ধনসম্পদ করায়ত্তকালীন স্বীর অবস্থান ও উদ্দেশ্য হতে উদাসীন না হয় এবং গর্ব-অহংকার, অপব্যয়, আত্মপ্রদর্শন ও যুলমঅত্যাচারের নিকৃষ্ট পত্থা অবলম্বন করে আল্লাহর গযবের লক্ষ্যবস্ততে পরিণত না হয়। মূলত এ ঘোষণার মাধ্যমে নবী (সা.) মুসলিমদেরকে কুরআন মাজীদের এ আয়াতের দিকে দৃষ্টি আকর্ষণ করেছেন যাতে বলা হয়েছে- (الاَ عَلَيْ اللَّهُ وَ اللَّهُ اللَّهُ اللَّهُ وَ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ আমরা তাদেরকে পৃথিবীতে ক্ষমতা ও কর্তৃত্ব প্রদান করি তাহলে তারা সালাত প্রতিষ্ঠা করবে ও যাকাত প্রদান করবে এবং ভালো কাজের আদেশ করবে এবং মন্দ কাজ হতে নিষেধ করবে"- (সূরাহ্ হাজ্জ: ২২ : ৪১)। (মাযাহিরে হক শারহে মিশকাত ৭ম খণ্ড, ১৫৬ পৃষ্ঠা)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পারে। (মিরকাতুল মাফাতীহ)।

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন